দূরালাপনী ঃ +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৪
Website: www.cnfctg.org, www.cnfctg.net
E-mail: cnfctg@gmail.com, cnfctg@yahoo.com

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং -৩৯/২০২৫ তারিখ ঃ ০৬/০৫/২০২৫ খ্রিঃ

সম্মানিত সদস্যবৃন্দের প্রতি,

## Bangladesh Single Window (BSW) System ব্যবহার বিষয়ে কাস্টমস এজেন্টদের জন্য প্রশিক্ষণ কর্মশালা

পণ্য আমদানি-রপ্তানির ক্ষেত্রে সময় ও ব্যয় হ্রাস করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক বাস্তবায়নাধীন প্রকল্পের আওতায় Bangladesh Single Window (BSW) System ইতোমধ্যে কার্যকর করা হয়েছে। BSW System এর মাধ্যমে একজন আমদানিকারক-রপ্তানিকারক পণ্য খালাসের জন্য প্রযোজ্য বিভিন্ন সংস্থার সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট (CLP) এর জন্য অনলাইনে আবেদন করে স্বয়ংক্রিয়ভাবে CLP সংগ্রহ করতে পারবেন। আমদানিকারক-রপ্তানিকারকের পাশাপাশি কাস্টমস এজেন্টগণ BSW System এর মাধ্যমে আমদানিকারক-রপ্তানিকারকের পক্ষে উক্ত কাজগুলো সম্পন্ন করতে পারবেন।

বর্তমানে সার্টিফিকেট, লাইসেন্স ও পারমিট ইস্যুকারী ১৯টি সংস্থার মধ্যে নিম্নবর্ণিত ৭টি সংস্থার ক্ষেত্রে BSW System এর মাধ্যমে অনলাইনে CLP এর আবেদন দাখিল ও ইস্যু প্রক্রিয়া চলমান আছে।

**১. ঔষধ প্রশাসন অধিদপ্তর (DGDA); ২. রপ্তানি উন্নয়ন ব্যুরো (EPB); ৩. বিস্ফোরক অধিদপ্তর (DoEX); ৪. বাংলাদেশ ন্যাশনাল অথরিটি ফর কেমিক্যাল উইপন্স কনভেনশন (BNACWC); ৫. বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ (BEZA); ৬. বাংলাদেশ রপ্তানি প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ (BEPZA); ৭. পরিবেশ অধিদপ্তর (DoE)।**

BSW System এর ব্যবহার, প্রায়োগিক সুবিধা, রেজিস্ট্রেশন, CLP এর জন্য আবেদন ও অনুমোদন প্রক্রিয়ার উপর কাস্টমস এজেন্টদের বিশদ ধারণা ও ব্যবহারিক জ্ঞান প্রদানের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক একটি প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়েছে। **আগামী ১৯/০৫/২০২৫ খ্রি. তারিখ হতে শুরু হয়ে ৩টি ব্যাচে (প্রতি ব্যাচে ৩০ জন করে, দুই দিনব্যাপী) মোট ৯০ (নব্বই) জন কাস্টমস এজেন্ট বা তাঁদের মনোনীত প্রতিনিধিদের প্রশিক্ষণ প্রদান করা হবে।**

উক্ত প্রশিক্ষণ কর্মশালায় অংশগ্রহণে আগ্রহী সম্মানিত সদস্যবৃন্দকে আগামী ১৩/০৫/২০২৫ খ্রি. তারিখের মধ্যে প্রতিষ্ঠানের লেটারহেডে নিম্নোক্ত তথ্যসহ আবেদন এসোসিয়েশনের প্রধান কার্যালয়ে দাখিল করে নাম নিবন্ধন করার জন্য অনুরোধ করা হলো।

১. অংশগ্রহণকারীর নাম (মালিক বা মনোনীত প্রতিনিধি):
২. প্রতিষ্ঠানের নাম:
৩. প্রতিষ্ঠানে পদবী:
৪. প্রতিষ্ঠানের লাইসেন্স নম্বর:
৫. মোবাইল নম্বর:
৬. ই-মেইল ঠিকানা:

উল্লেখ্য, প্রথম ৯০ (নব্বই) জনের নাম নিবন্ধনের পর আর কোনো আবেদন গ্রহণ করা হবে না।

মোঃ উবায়দুল হক আলমগীর
ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক